

## শিরদ্রাণ

আবার বেঁধে নেব বজ্রপলাশে  
পরাজিত সৈনিকের শিরদ্রাণ।

আবার এগিয়ে যাব পা মিলিয়ে  
ডেউ এর সাথে, সমুদ্রসীমায়।  
যতদিন না আসি তোমার পরিত্রাণ।

তোমার কাছে রেখে গেলাম তীরবিদ্ধ পৃথিবী আমার।  
চোখের জলে ধুয়ে ধুয়ে আমাদের জীবন ছুঁয়ে  
নিভবে জুলবে দিনরাত।  
আমার তোমার সমাধিতে এখন পরকালের শিরদ্রাণ।

মোসুমী রায়